

## REGIONAL NEWS

### UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:27-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

#### Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৫তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট [www.newsonair.com](http://www.newsonair.com) ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

\*\*\*\*\*

#### C.M-Maan Ki Baat :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার ধলেশ্বরে স্বামী দয়ালানন্দ স্কুলে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শুনবেন।

\*\*\*\*\*

#### President of Spain visit to India :

স্পেনের রাষ্ট্রপতি পেড্রো সাঞ্চেজ তিনদিনের সরকারী সফরে আজ ভারতে আসছেন। বিদেশ মন্ত্রক সূত্রে এখবর জানানো হয়েছে। এটি তাঁর প্রথম ভারত সফর। ১৮ বছর পর স্পেনের সভাপতি হিসেবে তিনি এই সফরে আসছেন। এর আগে

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং স্পেনের রাষ্ট্রপতি সাঞ্চোজ একাধিকবার বিভিন্ন বৈঠকে মিলিত হয়েছিলেন। এবারও এই দুই শীর্ষ নেতার মধ্যে বৈঠক হওয়ার কথা রয়েছে। এই সফরে দু'দেশের মধ্যে বেশ কয়েকটি দ্বি-পাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হতে পারে।

\*\*\*\*\*

**Union Minister Prahlad Joshi :**

কেন্দ্রীয় খাদ্য, ভোক্তা বিষয়ক মন্ত্রী প্রহ্লাদ যোশী দুদিনের সফরে আজ আগরতলায় আসবেন। সরকারী সূত্রে এখন জানা গেছে। তিনি রাজ্যে কয়েকটি সরকারী প্রকল্প দেখবেন বলে জানা গেছে।

\*\*\*\*\*

**PIB Tour C.M :**

প্রেস ইনফরমেশন ব্যুরোর উদ্যোগে রাজ্য সফরে আসা ছত্তিশগড়ের ১৪ সদস্যের সাংবাদিকদের এক প্রতিনিধি দল গতকাল সন্ধ্যায় মুখ্যমন্ত্রীর সরকারী বাসভবনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। প্রেস ইনফরমেশন ব্যুরোর উপঅধিকর্তা রমেশ জয় ভাই-এর নেতৃত্বে প্রতিনিধিরা মুখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যের বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। মতবিনিময়কালে, মুখ্যমন্ত্রী শিক্ষা স্বাস্থ্য, পর্যটন ও জনজাতি কল্যাণে রাজ্য সরকারের গুরুত্বের কথা তুলে ধরেন।

\*\*\*\*\*

**CM-Nandannagar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে গ্রামীণ অর্থনীতির বিকাশে অসংগঠিত শ্রমিকদের ভূমিকা রয়েছে। এরমধ্যে মৃৎ শিল্পীদের ভূমিকাও উল্লেখযোগ্য। গতকাল আগরতলার নন্দননগরে কুমোর পাড়া পরিদর্শনকালে তিনি একথা বলেন। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'ভোকাল ফর

লোকাল' আহ্বানের সাড়া দিয়ে রাজ্যের মৃৎশিল্পীদের অত্যাধুনিক উপায়ে উৎপাদিত সামগ্রী আগের তুলনায় আরো দৃষ্টিনন্দন হয়েছে। মুখ্যমন্ত্রী মৃৎশিল্পীদের কাছ থেকে মাটির প্রদীপ কেনেন। দীপাবলিতে জনগণকে রাজ্যের মৃৎশিল্পীদের উৎপাদিত সামগ্রী ক্রয় করার আহ্বান রাখেন তিনি।

\*\*\*\*\*

**PM, Gujarat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল গুজরাট সফরে যাবেন। সেখানে তিনি বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সফরকালে তিনি স্পেনের প্রধানমন্ত্রী পেদ্রো সানচেজের সঙ্গে, TATA Advanced Systems Limited ক্যাম্পাসে C-295 বিমান তৈরির জন্য TATA বিমান কমপ্লেক্সের উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী মোদি ভারত মাতা সরোবরেরও উদ্বোধন করবেন এবং আমরেলিতে প্রায় ৪,৯০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এই প্রকল্পগুলি রাজ্যের আমরেলি, জামনগর, মোরবি, দেবভূমি দ্বারকা, জুনাগড়, পোরবন্দর, কচ্ছ এবং বোটাড জেলার নাগরিকদের উপকৃত করবে।

\*\*\*\*\*

**PM-JANMAN-South :**

শান্তিরবাজার মহকুমার দেবীপুর ভিলেজে ব্রহ্ম জনগোষ্ঠীর লোকজনদের চিকিৎসার জন্য গতকাল এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২১ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করা হয়। শিবিরে উপস্থিত সবাইকে স্বাস্থ্য বিষয়ক পরামর্শ প্রদান করেন বীরচন্দ্রমণু প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডাঃ চন্দ্রানী রায় সহ স্বাস্থ্যকর্মীরা।

\*\*\*\*\*

**BSF Statement :**

BSF এক বিবৃতিতে জানিয়েছে, গতকাল বেআইনি অনুপ্রবেশের অভিযোগে ১১ জন বাংলাদেশি নাগরিককে আটক করা হয়েছে। এরমধ্যে নয়জন বাংলাদেশিকে আগরতলা রেল স্টেশনে যাওয়ার সময় আটক করা হয়। বিএসএফ জানিয়েছে, দক্ষিণ জেলার বিলোনিয়া সীমান্তে দুজন বাংলাদেশি নাগরিক আটক হয়েছেন। তারা বেআইনিভাবে বাংলাদেশ সীমান্ত অতিক্রম করে ভারতে প্রবেশ করেছিলেন।

\*\*\*\*\*

#### **Naidu Trophy :**

ত্রিপুরা ও তামিলনাড়ুর মধ্যে কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলা আজ থেকে আগরতলায় শুরু হচ্ছে। নরসিংগড়ের পিটিএ মাঠে এই ম্যাচটি অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

#### **Women T-20 :**

সিনিয়র মহিলাদের জাতীয় টি-২০ ক্রিকেটের লড়াইয়ে গ্রুপের পঞ্চম ম্যাচেও ত্রিপুরা পরাজিত হয়েছে। গতকাল লক্ষ্মণৌতে অনুষ্ঠিত ম্যাচে হিমাচল প্রদেশ ৪ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়।

\*\*\*\*\*

#### **Weather :**

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু-এক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

\*\*\*\*\*